

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd


নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০২৪.১৭/২০১৫ (৭)

তারিখ : ১২ বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮

বিষয় : জাতীয় রাজস্ব বোর্ড এর অধীনস্থ অফিসসমূহে কর্মরত আইটি কর্মকর্তা কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি, বার্ষিক গোপনীয় অনুবেদন/প্রতিবেদন ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড এর অধীনস্থ অফিসসমূহে কর্মরত আইটি কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট অফিস প্রধান/কমিশনারগণের অধীনে ন্যস্ত থেকে দায়িত্ব পালন করবেন। এতদউদ্দেশ্যে আইটি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম স্ব-স্ব কমিশনারগণ সম্পাদন করবেন। বার্ষিক গোপনীয় অনুবেদন/প্রতিবেদন প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরের জন্য সংশ্লিষ্ট বিভাগের সদস্য (আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর প্রেরণ করবেন। জাতীয় রাজস্ব বোর্ড এ কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা অনুবেদন/প্রতিবেদন প্রদান করবেন এবং তাঁর উর্ধ্বতন কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন, তবে সিস্টেমস ম্যানেজার এর বার্ষিক গোপনীয় অনুবেদন সদস্য (বোর্ড প্রশাসন) প্রদান করবেন এবং তা চেয়ারম্যান মহোদয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র জারী করা হলো।


(মোঃ রাহেনুল ইসলাম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ফোনঃ- ৮৩৯১৪৮২

প্রাপকঃ

১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. কমিশনার (সকল), কাস্টম হাউস/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট/বন্ড কমিশনারেট/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট।
৪. মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর।
৫. কর কমিশনার (সকল), কর অঞ্চল/কর আপীল অঞ্চল।
৬. মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি/কর পরিদর্শন পরিদপ্তর।
৭. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০২৪.১৭

তারিখ : ১২ বৈশাখ ১৪২৫
২৫ এপ্রিল ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)
২. চেয়ারম্যান এর একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পিএ টু সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ রাহেনুল ইসলাম)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)


০৭/০৩/১৮